

ক্রীড়াবিদদের অধিকার

- ▶ একজন প্রতিনিধি এবং একজন অনুবাদক সাথে রাখা যাবে।
- ▶ নমুনা সংগ্রহ প্রক্রিয়ার ব্যাপারে প্রয়োজন হলে অতিরিক্ত তথ্য জানতে চাওয়া যেতে পারে।
- ▶ অবহিতকরণের পর বৈধ অথবা যুক্তিসংগত কারণে ডোপিং নিয়ন্ত্রন কক্ষে নির্ধারিত সময়ে উপস্থিত হওয়ার পরিবর্তে কিছুক্ষণ পর ডোপিং নিয়ন্ত্রন অফিসারের সাথে আলোচনা সাপেক্ষে উপস্থিত হওয়া যেতে পারে।
- ▶ ডোপিং নিয়ন্ত্রন অফিসারের সাথে আলোচনা সাপেক্ষে প্রতিবন্ধী ক্রীড়াবিদ নমুনা সংগ্রহের স্বাভাবিক প্রক্রিয়া থেকে কিছুটা পরিবর্তিত প্রক্রিয়ায় নমুনা দেওয়ার অনুরোধ করতে পারেন।

দায়িত্ব

- ▶ অবহিতকরণের পর ডোপ পরীক্ষার সম্পূর্ণ প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত ক্রীড়াবিদের ডোপিং নিয়ন্ত্রন অফিসার অথবা স্যাফরনের সরাসরি তত্ত্বাবধানে থাকা বাঞ্ছনীয়।
- ▶ যথাযথ এবং বৈধ পরিচয়পত্র উপস্থাপন করা।
- ▶ নমুনা সংগ্রহে সহযোগীতা করা (ব্যর্থতায় ডোপিং আইন লঙ্ঘন হয়েছে বিবেচিত হবে।)
- ▶ অবহিত করণের পর যত তাড়াতাড়ি সম্ভব ডোপিং নিয়ন্ত্রক কক্ষে উপস্থিত হওয়া। অন্যথায় বিলম্বিত হওয়ার কারণ দর্শাতে হবে।



ডোপিং নিয়ন্ত্রন তথ্য চিত্র

বিশ্ব ডোপিং বিরোধী সংস্থার ওয়েব পাতায় পাওয়া যায়।

www.wada-ama.org/en/education-Awareness/Tools/Doping-Control-Video

ডোপিং নিয়ন্ত্রনের তথ্যসমূহ প্রতিনিয়ত পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন হচ্ছে। বিস্তারিত জানতে সংশ্লিষ্ট সংস্থাসমূহ যেমন: জাতীয় ও আন্তর্জাতিক ফেডারেশন, জাতীয় ডোপিং বিরোধী সংস্থা, বিশ্ব ডোপিং বিরোধী সংস্থা তথা WADA এর সাথে যোগাযোগ করতে পারেন।



wada-ama.org • info@wada-ama.org
facebook.com/wada.ama • twitter.com/wada_ama

Headquarters	800 Place Victoria, Suite 1700, P.O. Box 120, Montreal, QC, H4Z 1B7, Canada • Tel.: +1.514.904.9232 • Fax: +1.514.904.8650
Africa	Protea Assurance Building, 8th Floor, Greenmarket Square, Cape Town, 8001, South Africa • Tel.: +27.21.483.9790 • Fax: +27.21.483.9791
Asia/Oceania	C/O Japan Institute of Sports Sciences, 3-15-1 Nishigaoka, Kita-Ku, Tokyo, 115-0056, Japan • Tel.: +81.3.5963.4321 • Fax: +81.3.5963.4320
Europe	Maison du Sport International, Avenue de Rhodanie 54, 1007 Lausanne, Switzerland • Tel.: +41.21.343.4340 • Fax: +41.21.343.4341
Latin America	World Trade Center Montevideo, Tower II, Unit 712, Calle Luis A De Herrera 1248, Montevideo, Uruguay • Tel.: +598.2.623.5206 • Fax: +598.2.623.5207

অনুবাদ: ডাঃ মোঃ সফিকুর রহমান

আরো বিস্তারিত জানতে www.wada-ama.org

এক নজরে

ডোপিং নিয়ন্ত্রন প্রক্রিয়া The Doping Control Process



RIGHTS
দায়িত্ব

RESPONSIBILITIES


দায়িত্ব



In partnership with



পরীক্ষণ প্রক্রিয়া ১১টি ধারাবাহিকতায় নমুনা সংগ্রহ করা হয়



01
DOPING Control

ক্রীড়াবিদ বাছাই

যে কোন সময় এবং যে কোন স্থানে ক্রীড়াবিদকে ডোপ টেস্টের জন্য ডাকা হতে পারে। মূত্র অথবা রক্ত যে কোন সময় যে কোন স্থানে ডোপ পরীক্ষার জন্য সংগ্রহ করা যেতে পারে।

02
ATHLETE Selection

ক্রীড়াবিদের দৃষ্টি আকর্ষণ করা (Notification)

DCO অথবা স্যাফরন ক্রীড়াবিদকে জানাবেন তাকে ডোপ টেস্টের জন্য বাছাই করা হয়েছে এবং ক্রীড়াবিদের অধিকার ও দায়িত্ব ব্যাখ্যা করবেন।

03
REPORT Station

ডোপিং নিয়ন্ত্রন কক্ষে রিপোর্ট করা

তাৎক্ষণিকভাবে একজন ক্রীড়াবিদকে রিপোর্ট করতে হবে।

04
CHOOSE Vessel

নমুনা সংগ্রহ পাত্র বাছাই করা

পছন্দমত পাত্র বাছাই করা যাবে। পাত্রটি যেন ভালভাবে সীল করা থাকে এটা নিশ্চিত করতে হবে।

5/6
PROVIDE Sample

নমুনা সংগ্রহের সময়

নমুনা দেয়ার সময় একই লিঙ্গের ডিসিও অথবা স্যাফরন সাক্ষী হিসাবে উপস্থিত থাকবেন। ক্রীড়াবিদকে রক্তের নমুনাও দিতে হতে পারে।

মূত্রের পরিমাণ: প্রয়োজনীয় পরিমাণ (৯০ মিলিগ্রাম)



90ml
90ml

07
SPLIT THE Sample

নমুনা পাত্র বাছাই এবং ভাগ করা

নমুনা পাত্র বাছাই করে দুইটি বোতলে ভাগ করতে হবে 'এ' এবং 'বি' নমুনা হিসাবে। কিছুটা নমুনা সংগ্রহ পাত্রে রেখে দিতে হবে।

ক্রীড়াবিদকে কিছু পরিমাণ নমুনা সংগ্রহ পাত্রে রাখতে বলা হবে যা দিয়ে আপেক্ষিক গুরুত্ব মাপা হয়। মূত্রের অথবা নমুনার।

08
SEAL THE Sample

নমুনার বোতল সীল করা

ক্রীড়াবিদকে 'এ' এবং 'বি' দুটি বোতলই সীলগালা করতে হবে ডিসিও-এর নির্দেশনা অনুযায়ী এবং নিশ্চিত করতে হবে শক্তভাবে সীলগালা হয়েছে।

09
SPECIFIC Gravity

আপেক্ষিক গুরুত্বের পরিমাপ

ডিসিও আপেক্ষিক গুরুত্বের পরিমাপ করবেন এবং নিশ্চিত করবেন মূত্রের নমুনা যেন বেশী তরল হয়ে না যায়।

10
SIGN THE Form

ডোপিং কন্ট্রোল ফরম পূরণ করা

ব্যক্তিগত, ব্যবহৃত ঔষধ ও সম্পূর্ণ পদার্থের তথ্যাদি দিতে হবে এবং নিশ্চিত করতে হবে যেন সমস্ত তথ্যাদি সঠিক। ক্রীড়াবিদ ডোপিং নিয়ন্ত্রন প্রক্রিয়া সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারবেন এবং তাকে একটি ডোপিং নিয়ন্ত্রন ফরমের দস্তখতসহ অনুলিপি দেওয়া হবে।

11
SAMPLE Analysis

গবেষণাগারের প্রক্রিয়া

বিশ্ব ডোপিং বিরোধী সংস্থার নিবন্ধনকৃত গবেষণাগারে সকল নমুনা পাঠানো হয়। 'এ' স্যাম্পল বিশ্লেষণ করা হয় এবং 'বি' স্যাম্পল প্রয়োজন হলে পরবর্তী ব্যবহারের জন্য কঠোর নিরাপত্তায় রেখে দেওয়া হয়। গবেষণাগার সংশ্লিষ্ট সংস্থা এবং বিশ্ব ডোপিং বিরোধী সংস্থায় ফলাফল পাঠিয়ে দেয়।

ডোপ পরীক্ষার জন্য বাছাইকৃত ক্রীড়াবিদ পরীক্ষণ প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত ডোপিং কন্ট্রোল অফিসার অথবা স্যাফরন সার্বক্ষণিক তার সঙ্গী হিসেবে থাকবেন।

